

খুলনা বিশ্ববিদ্যালয়  
খুলনা  
রেজিস্ট্রারের কার্যালয়  
(সংস্থাপন-০৩)

স্মারক নং: খুবি/প্রশা-৫-নি-১৯/৯১-৭২৪

তারিখ: ১১-০৯-২০২২খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত কর্মকর্তার শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

ক্রমিক নং	পদের নাম ও গ্রেড	জাতীয় বেতন স্কেল ২০১৫	শূন্য পদের সংখ্যা
০১	সহকারী প্রকৌশলী (সিভিল) (গ্রেড-০৯)	(২২,০০০-৫৩,০৬০/-)	০১টি
০২	সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) (গ্রেড-০৯)	(২২,০০০-৫৩,০৬০/-)	০১টি
০৩	রিসার্চ অফিসার (গ্রেড-০৯)	(২২,০০০-৫৩,০৬০/-)	০১টি

আবেদনের শর্তাবলী:

- আবেদন অনলাইনে (Online) এ করতে হবে এবং পূরণকৃত আবেদনপত্র ডাউনলোড করত; প্রয়োজনীয় (০৫ নং শর্তে চাহিত) কাগজপত্রাদি সহ ১০ (দশ) সেট আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর ১৩-০৯-২০২২ খ্রি. থেকে ১২-১০-২০২২ খ্রি তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি হার্ডকপি প্রেরণ করতে হবে। উল্লেখ্য, অনলাইন আবেদনের সাথে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা অনলাইন এ পেমেন্ট করতে হবে। অনলাইন আবেদন ফরম, পেমেন্ট, নিয়োগ বিজ্ঞপ্তি এবং নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (<https://ku.ac.bd/career>) পাওয়া যাবে।
- খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।
- কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং বর্তমান প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।
- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/বসবাসের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিও বিবেচিত হবেন না।
- প্রতি সেট আবেদনপত্রের সংগে নিম্নলিখিত কাগজ-পত্রাদি অবশ্যই দাখিল করতে হবে-
  - সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি
  - নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র ও কম্পিউটার সনদের সত্যায়িত কপি
  - সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (প্রতি সেটে একটি করে)
  - যে কোন এক সেট আবেদনপত্রের সঙ্গে অনলাইনে জমাকৃত পেমেন্ট স্লিপ
- আবেদনপত্র আগামী ১৩-০৯-২০২২ খ্রি. থেকে ১২-১০-২০২২ খ্রি. তারিখ অফিস চলাকালীন ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌছাতে হবে।
- নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।
- লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ. প্রদান করা হবে না।

(প্রফেসর খান গোলাম কুদ্দুস)  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
E-mail: registrar@ku.ac.bd